

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৮৫ ২৭/ শিষ্টাচার (كتاب الأدب) পরিচ্ছেদঃ ২৭/৮. পানি দান করার ফ্যীলাত

بَابِ فَضْل صَدَقَةِ الْمَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ، قَالاَ حَدَّثَنَا وَكِيعٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " يَصنُفُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ صنفُوفًا _ وَقَالَ ابْنُ نُمَيْرٍ أَهْلُ الْجَنَّةِ _ فَيَمُرُّ الرَّجُلُ مِنْ أَهْلِ النَّارِ عَلَى الرَّجُلِ فَيَقُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ اسْتَسْقَيْتَ فَسَقَيْتُكَ شَرْبَةً قَالَ فَيَشْفَعُ لَهُ النَّارِ عَلَى الرَّجُلُ فَيَقُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ اسْتَسْقَيْتَ فَسَقَيْتُكَ شَرْبَةً قَالَ فَيَشْفَعُ لَهُ وَيَعُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ الْوَلْتُكَ طَهُورًا فَيَشْفَعُ لَهُ " . قَالَ ابْنُ نُمَيْرٍ " وَيَقُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ الْوَلْتُكَ طَهُورًا فَيَشْفَعُ لَهُ " . قَالَ ابْنُ نُمَيْرٍ " وَيَقُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ الْوَلْتُكَ طَهُورًا فَيَشْفَعُ لَهُ " . قَالَ ابْنُ نُمَيْرٍ " وَيَقُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ الوَلْتَكَ طَهُورًا فَيَشْفَعُ لَهُ " . قَالَ ابْنُ نُمَيْرٍ " وَيَقُولُ يَا فُلاَنُ أَمَا تَذْكُرُ يَوْمَ الْوَلْتَكَ طَهُورًا فَذَهَبْتُ لَكَ فَيَشْفَعُ لَهُ " .

বাংলা

২/৩৬৮৫। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, লোকেরা বা জান্নাতবাসীরা কিয়ামতের দিন কাতারবন্দী হয়ে দাঁড়াবে। তখন জাহান্নামী এক জান্নাতীর নিকট দিয়ে যাওয়ার সময় বলবে, হে অমুক! তোমার কি মনে পড়ে, এক দিন তুমি পানি পান করতে চেয়েছিলে এবং আমি তোমাকে শরবত পান করিয়েছিলাম? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ জান্নাতী লোকটি তার জন্য শাফা'য়াত করবে। আরেক ব্যক্তি যাওয়ার সময় বলবে, তোমার কি মনে আছে, এক দিন আমি তোমাকে উযুর পানি দিয়েছিলাম? তখন সে তার জন্য শাফাআত করবে। ইবনে নুমাইর (রাঃ) -র বর্ণনায় আরো আছেঃ আরেক ব্যক্তি বলবে, হে অমুক! তোমার কি মনে আছে, এক দিন তুমি আমাকে অমুক অমুক প্রয়োজনে পাঠিয়েছিলে এবং আমি তোমার প্রয়োজন সমাধা করতে গিয়েছিলাম? তখন সে তার জন্য শাফা'য়াত করবে।

English

It was narrated from Anas bin Malik that the Messenger of Allah(ﷺ) said: "On the Day of Resurrection, people will be lined up in rows, (one of the narrators) Ibn NUmair said: i.e., the people of Paradise, and a man from



among the people of Hell will pass by a man (from the people of Paradise) and say: 'O so and so! Do you not remember the day when you asked for water and I gave you water to drink?" So he will intercede for him. And another man will come and say: "Do you not remember the day when I gave you water with which to purify yourself?" and he will intercede for him." (In his narration, one of the narrators) Ibn NUmair said: "And he will remember the day when you sent me to do such and such for you, and I went and did it for you?' and he will intercede for him."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ৫৬০৪, আত-তালীকুর রাগীব ২/৫০, যইফাহ ৯৩, ৫১৮৬। তাহকীক আলবানীঃ যইফ। ইয়াযীদ আর-রাকশী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি মিথ্যার সাথে অভিযুক্ত। আবু বকার আল-বুরকানী বলেন, তিনি দুর্বল। আবু বকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দলীলযোগ্য নয়, তা প্রত্যাখ্যানযোগ্য। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৯৫৮, ৩২/৬৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন